

চিকুনগুনিয়া আপডেট ইস্যু নং-৫, তারিখ: ৭ জুলাই, ২০১৭

চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ জাতীয় পরিচালনা কমিটির সভা

গতকাল ৬ই জুলাই স্বাস্থ্য মহাপরিচালক ডাঃ অধ্যাপক আবুল কালাম আজাদ-এর সভাপতিত্বে চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষ জাতীয় পরিচালনা কমিটির সভা আইডিসিআর-এ অনুষ্ঠিত হয়। সভায় কমিটির উপদেষ্টা অধ্যাপক এ এইচ এম এনায়েত হোসেন, অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা ও গবেষণা, স্বাস্থ্য অধিদপ্তর, অধ্যাপক সানিয়া তাহমিনা, পরিচালক রোগ নিয়ন্ত্রণ, কমিটির সভাপতি অধ্যাপক মীরজাদী সেব্রিনা ফ্লোরা, পরিচালক আইইডিসিআর সহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় কমিটির কার্যপরিধি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে এর কার্যাবলি নির্দিষ্ট করা হয়।

- ক. ঢাকা মহানগরীসহ সারাদেশের চিকুনগুনিয়া পরিস্থিতি পর্যবেক্ষণ ও বিশ্লেষণ।
- খ. চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে সমন্বিত কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য বিভিন্ন সংস্থা-সমন্বয়ে (multi-Agency Stakeholders) কমিটি গঠন। কমিটি সাপ্তাহিক ভিত্তিতে/প্রয়োজন অনুযায়ী সভায় মিলিত হবে ও পরিস্থিতি পর্যালোচনা করে যথাযথ সিদ্ধান্ত নেবে।
- গ. চলমান চিকুনগুনিয়া প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে আপদকালীন পরিকল্পনা তৈরি এবং তার বাস্তবায়ন কার্যক্রম সমন্বয় করা।
- ঘ. বিশেষজ্ঞগণের মতামত নিয়ে চিকুনগুনিয়া চিকিৎসা গাইডলাইন পর্যালোচনা ও হালনাগাদকরণ এবং তা বিতরণ।
- ঙ. চিকুনগুনিয়া হটলাইন (সকাল ৮টা হতে রাত ৮টা) পরিচালনা।
- চ. গণমাধ্যমের জন্য নিয়মিত তথ্য বুলেটিন তৈরি এবং গণমাধ্যমকে অবহিতকরণ।
- ছ. যথাযথ কর্তৃপক্ষকে দৈনিক ভিত্তিতে পরিস্থিতি অবহিতকরণ এবং সুপারিশ প্রদান।



হটলাইন ও আপডেট

গতকাল ৫ জন হটলাইন মারফৎ এবং ২ জন ব্যক্তি সরাসরি উপস্থিত হয়ে বিভিন্ন তথ্য জানতে চান। তারা বেশীরভাগ ঢাকা থেকে এবং এছাড়া নারায়ণগঞ্জ, গাজীপুর জেলা থেকে যোগাযোগ করেন। ৬ই জুলাই পর্যন্ত ল্যাবরেটরীতে নিশ্চিত চিকুনগুনিয়া রোগীর সংখ্যা ৫৬৬।

লক্ষ্মীপুর জেলা ডেপুটি ও চিকুনগুনিয়া মনিটরিং

- চিকুনগুনিয়া/ডেপুটি প্রতিরোধকল্পে সিভিল সার্জন কার্যালয়, লক্ষ্মীপুর ৪ঠা জুলাই একটি সভার আয়োজন করা হয় এবং নিম্নলিখিত পদক্ষেপ সমূহ গ্রহণ করা হয়।
- ১) সার্বক্ষণিক মনিটরিং কল্পে কন্ট্রোল রুম স্থাপন করে এই জেলায় এই রোগের তথ্য প্রতিদিন চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষে পাঠানো হবে।
 - ২) উপজেলা ও জেলা পর্যায়ে স্বাস্থ্য বিভাগীয় প্রতিটি সভায় চিকুনগুনিয়া রোগ-এ সাধারণ জনগণের ও স্বাস্থ্য কর্মীর করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হবে।
 - ৩) জেলা তথ্য অফিসের সহায়তায় জেলা এবং উপজেলা পর্যায়ে জনসচেতনতা মূলক জনসংযোগ করা হবে।
 - ৪) সচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে জেলা প্রশাসন এবং পৌরসভার সহায়তায় জেলার সকল সরকারী, এনজিও এবং ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টার এর অংশগ্রহণে র্যালি, মানব বন্ধন এবং লিফলেট বিতরণের কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

চিকুনগুনিয়া ভাইরাস সংক্রমণের চিকিৎসা মূলত উপসর্গ ভিত্তিক। এর কোনো সুনির্দিষ্ট চিকিৎসা নেই। আক্রান্ত ব্যক্তিকে বিখাম নিতে হবে, প্রচুর পানি ও তরল জাতীয় খাবার খেতে হবে এবং প্রয়োজনে জ্বর ও ব্যথার জন্য Paracetamol Tablet এবং চিকিৎসকের পরামর্শ মোতাবেক ঔষধ খেতে হবে। বয়স্ক, শিশু, গর্ভবতী ও দীর্ঘমেয়াদী অন্যরোগ থাকা কারো চিকুনগুনিয়া হলে অবশ্যই চিকিৎসককে দেখাতে হবে। তবে গিটের ব্যথার জন্য গিটের উপরে ঠাণ্ডা পানির শেক এবং হালকা ব্যায়াম উপকারী হতে পারে। তবে প্রাথমিক উপসর্গ ভালো হওয়ার পর যদি গিটের ব্যথা ভালো না হয়, তবে চিকিৎসকের পরামর্শ মোতাবেক ঔষধ খেতে হবে। কোন কারণে রোগীর অবস্থার অবনতি হলে অতি শীঘ্র নিকটস্থ সরকারী স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করতে হবে।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন-www.iedcr.gov.bd অথবা হটলাইন নাম্বার ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন।